

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়

বিমানী বাজার, সিলেট

পত্র নিবন্ধন নং:

তারিখ: 2011/11/26

শেখ হাসিনার নির্দেশ
জলবায়ু সচিব বাংলাদেশ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়

সিলেট বন বিভাগ

সিলেট

www.forest.sylhetdiv.gov.bd


স্বাক্ষর

বৃক্ষরোপণে প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার/২০২৩ প্রদানের জন্য দরখাস্ত আহ্বান :

সিলেট, সুনামগঞ্জ, হবিগঞ্জ ও মৌলভীবাজার জেলার সর্বসাধারণের এবং বিভিন্ন সরকারি, আধাসরকারি, স্বায়ত্বশাসিত ও বেসরকারি সংস্থার/প্রতিষ্ঠানের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রতিবছরের ন্যায় এ বছরেও বৃক্ষরোপণে অবদানের স্বীকৃতিস্বরূপ “বৃক্ষরোপণে প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার সংশোধিত নীতিমালা-২০২১” অনুযায়ী প্রদান করা হবে। নিম্নবর্ণিত ০৭ (সাত)টি শ্রেণীর প্রতিটি শ্রেণীতে ১ম, ২য় ও ৩য় পুরস্কার প্রদানের জন্য প্রণীত নীতিমালার ভিত্তিতে পুরস্কার প্রদানের ব্যবস্থা রাখা হয়েছে। এতদ্ব্যন্থে নির্ধারিত ফরমে আবেদনপত্র আগামী ৩০/১১/২০২৩খ্রিঃ তারিখের মধ্যে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা/নিকটবর্তী রেঞ্জ বন কর্মকর্তার নিকট জমা দেয়ার জন্য অনুরোধ জানানো যাচ্ছে। আবেদন পত্রের নির্ধারিত ফরম বিনামূল্যে বিভাগীয় বন কার্যালয়, সিলেট, সহকারী বন সংরক্ষকের কার্যালয়, সিলেট সদর/শ্রীমঙ্গল/হবিগঞ্জ/সুনামগঞ্জ; রেঞ্জ কার্যালয়; এস.এফ.এন.টি.সির ভারপ্রাপ্ত কর্মকর্তার কার্যালয় এবং সকল উপজেলা নার্সারী কেন্দ্র হতে সংগ্রহ করা যাবে।

যে ০৭ (সাত)টি শ্রেণীতে পুরস্কার প্রদান করা হবে তা নিম্নরূপ :

(ক) প্রাথমিক বিদ্যালয়/উচ্চ বিদ্যালয়/এবতেদায়ী মাদ্রাসা/সিনিয়র মাদ্রাসা/কলেজ/বিশ্ববিদ্যালয় (খ) ইউনিয়ন পরিষদ/উপজেলা পরিষদ/জেলা পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন/অধিদপ্তর/পরিদপ্তর/সেক্টর কর্পোরেশন/এনজিও/ক্লাব/স্বচ্ছসেবী সংস্থা (গ) ব্যক্তিগত পর্যায়ে বৃক্ষরোপণ (ঘ) ব্যক্তি মালিকানাধীন নার্সারী (ঙ) বাড়ীর ছাদে বাগান সৃজন (চ) বন বিভাগ কর্তৃক সৃজিত বাগান (উপকূলীয় এলাকায় সৃজিত বাগানসহ অন্যান্য সকল ধরনের বাগান) (ছ) বৃক্ষ গবেষণা/সংরক্ষণ/উদ্ভাবন।

(মোঃ হুমায়ুন কবির)

পরিচিতি নং-১৩১৫৯

বিভাগীয় বন কর্মকর্তা

সিলেট বন বিভাগ, সিলেট

ফোন : ০৮২১-৭১৬৩৫৮

E-mail : dfosylhet@yahoo.com

স্মারকনং-২২.০১.০০০০.৬৭২.৪০.০০২.২৩. ৩২০৭

তারিখঃ ০৭/১১/২০২৩খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে /জ্ঞাতার্থে ও বহুল প্রচারের নিমিত্ত প্রেরণ করা হলো:

- ১। প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর, বাংলাদেশ (দৃষ্টি আকর্ষণ: উপ-প্রধান বন সংরক্ষক, সামাজিক বন উইং) বনভবন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
- ৩। বন সংরক্ষক, কেন্দ্রীয় অঞ্চল, বনভবন, মহাখালী, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, সিলেট/মৌলভীবাজার/হবিগঞ্জ/সুনামগঞ্জ।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, ~~বিমানী বাজার~~..... উপজেলা।
- ৬। সহকারী বন সংরক্ষক, সিলেট/শ্রীমঙ্গল/হবিগঞ্জ/সুনামগঞ্জ।
- ৭। রেঞ্জ কর্মকর্তা..... রেঞ্জ এবং ভারপ্রাপ্ত কর্মকর্তা.....এস.এফ.এন.টি.সি. সিলেট বন বিভাগ। তাকে “বৃক্ষরোপণে প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার প্রদানের সংশোধিত নীতিমালা -২০২১” অনুযায়ী উপজেলা নির্বাহী কর্মকর্তার সাথে আলোচনা করে স্থানীয়ভাবে এবং বিভিন্ন সভায় পেশ করতঃ বহুল প্রচার এবং ব্যক্তি/প্রতিষ্ঠানের সহিত ব্যক্তিগতভাবে যোগাযোগ ও বিতরণ পূর্বক প্রাপ্ত আবেদনপত্রসমূহ যাচাই-বাছাই করে উপজেলা কমিটির সভায় উপস্থাপন করতঃ প্রতিটি শ্রেণীতে ১ম, ২য় ও ৩য় স্থান নির্ধারণ পূর্বক কার্যবিবরণীসহ আগামী ৩১/১২/২০২৩খ্রিঃ তারিখের মধ্যে সংশ্লিষ্ট জেলা কমিটির সদস্য-সচিবের নিকট প্রেরণের জন্য অনুরোধ করা হল।
- ৮। নোটিশ বোর্ড।

(মোঃ হুমায়ুন কবির)

পরিচিতি নং-১৩১৫৯

বিভাগীয় বন কর্মকর্তা

সিলেট বন বিভাগ, সিলেট

ফোন : ০৮২১-৭১৬৩৫৮

E-mail : dfosylhet@yahoo.com